

শাবিপ্রবিতে আজ প্রতীক অনশন, আগামীকাল পূর্ণ কর্মবিরতি

■ সিলেট অফিস

শাবিপ্রবিতে নতুন কর্মসূচি ঘোষণা করেছেন মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক ফোরামের শিক্ষকরা। নতুন কর্মসূচি হিসাবে আজ ৯ সেপ্টেম্বর বুধবার সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত প্রতীক অনশন এবং কাল বুধসপ্তিমবার পূর্ণদিবস কর্মবিরতি পালন করবেন বলে জাননি ফোরামের আহ্বায়ক অধ্যাপক মৈয়দ সামসুল আলম।

উপাচার্য অধ্যাপক ড. আমিনুল হক ভূঁইয়ার অপসারণ দাবিতে সোমবার রাতে বৈঠক করে তারা এ কর্মসূচি ঘোষণা দেন। স্থাপত্য বিভাগের শেষ বর্ষের শিক্ষার্থী ও গণজাগরণ মঞ্চের কর্মী শাহরিয়ার মজুমদারের অকালমৃত্যুতে মঙ্গলবার আন্দোলন স্থগিত রেখে শোক র্যালি করেন তারা। এর আগে উপচার্যের অপসারণ ও ছাত্রলীগের হামলার প্রতিবাদে ১ সেপ্টেম্বর কালো ব্যাজ ধারণ করে র্যালি-সমাবেশ এবং ২ সেপ্টেম্বর কর্মবিরতি ও র্যালি-সমাবেশ করেন ফোরামের শিক্ষকরা। ৩ সেপ্টেম্বর বুধসপ্তিমবার সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত উপাচার্য ভবনের সামনে প্রতীক অনশন পালন করেন আন্দোলনরত শিক্ষকরা।